

১. দিল্লির মসনদ কে দখল করেন?
২. বাবুর তার জয়ের মধ্যে কী দেখতে পান?
৩. বাবুর এখনো কাদের জয় করতে পারে নি?
৪. বাবুরের বিজয় দেখে কে গর্জে উঠল?
৫. বাবুর কী জয়কে খাঁটি জয় মনে করে না?
৬. বাবুর কাদের হৃদয় দখল করার জন্য মনস্থির করেন?
৭. বাবুর এখন কৌসে মন দিয়েছেন?
৮. হিন্দুর হৃদয় জয় করার জন্য বাবুর কোন দিকে মনোযোগ দিয়েছেন?
৯. বাবুর ছন্দবেশে প্রজাদের কী খুঁজে দেখে?
১০. রণবীর চৌহান কে?
১১. শিশুর মা ছেলেকে বুকে নিয়ে কী করে?
১২. 'বাবুরের মহত্ত্ব' কবিতায় বিদেশি পুরুষ কে?
১৩. 'হত' শব্দের অর্থ কী?
১৪. 'গুপ্তকৃপাণ' বলতে কী বোঝায়?
১৫. রাজপুত যুবক বিশ্মিত হয় কেন?

প্রাচীন গ্রীসের মেসিডোনিয়ায় খ্রিস্টপূর্ব ৩৫৬ অব্দে জন্মগ্রহণ করেন ইতিহাসের বহুল আলোচিত এক নাম আলেকজান্দ্রার দ্যা গ্রেট। বাবা দ্বিতীয় ফিলিপের মৃত্যুর পর মাত্র কুড়ি বছর বয়সে আলেকজান্দ্রার পিতার স্থলাভিষিক্ত হয়ে মেসিডোনিয়ার সিংহাসনে আরোহন করেন। এরপরই শুরু হয় তাঁর বিশ্ব জয়ের নেশা। একে একে বলকান, এশিয়া মাইনর, সিরিয়া, মিশর, ব্যাবিলন এবং ভারতের পাঞ্চাব সহ বহু সাম্রাজ্য দখল করেন। মাত্র ১৩ বছরের শাসনকালে তিনি পৃথিবীর দ্বিতীয় সর্বোচ্চ সাম্রাজ্য- পারস্য সাম্রাজ্য জয় করেন। তাঁর শাসনকালের অধিকাংশ সময় তিনি উত্তর-পূর্ব আফ্রিকা ও পশ্চিম এশিয়া জুড়ে সামরিক অভিযান পরিচালন করেন। ৩২৩ খ্রিস্টপূর্বাব্দে ব্যাবিলন শহরে তাঁর মৃত্যু হয়।

- ক. রাজপথ থেকে যুবকটিকে উঠিয়ে বাবুর কী বলেছিলেন?
- খ. 'বীরভোগ্য এ বসুধা এ কথা সবাই কয়' - বলতে কী বোঝানো হয়েছে ?
- গ. উদ্বীপকের আলেকজান্দ্রার 'বাবুরের মহত্ত্ব' কবিতার সম্মাট বাবরের সাথে যে দিক দিয়ে সাদৃশ্যপূর্ণতা ব্যাখ্যা কর।
- ঘ. আর কোন বৈশিষ্ট্য থাকলে আলেকজান্দ্রারকে সম্মাট বাবরের প্রতিরূপ বলা যেতো বলে তুমি মনে কর। মতের পক্ষে যুক্তি দাও।